তারিখ 30. SEP. 2016 ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ......

**নিম্নে ভর্তি পরীক্ষার বিষয়সমূহের নম্বর বণ্টন দেখানো হল :**

'ক' ইউনিট

| বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| বাংলা | ১০ | ১২ | আবশ্যিক |
| ইংরেজি | ১০ | ১২ | |
| পদার্থবিজ্ঞান | ২০ | ২৪ | |
| রসায়ন | ২০ | ২৪ | |
| গণিত | ২০ | ২৪ | যে কোন দুইটি বিষয়ের উত্তর দিতে হবে |
| জীববিজ্ঞান | ২০ | ২৪ | |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ২০ | ২৪ | |
| মোট | ১০০ | ১২০ | |

'খ' ইউনিট

| বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| বাংলা | ২০ | ২৪ | আবশ্যিক |
| ইংরেজি | ২০ | ২৪ | |
| ইতিহাস ও ইসলামের ইতিহাস | ২০ | ২৪ | যে কোনো তিনটি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে |
| পৌরনীতি ও সুশাসন | ২০ | ২৪ | |
| অর্থনীতি | ২০ | ২৪ | |
| সমাজবিজ্ঞান ও সমাজকর্ম | ২০ | ২৪ | |
| ভূগোল | ২০ | ২৪ | |
| যুক্তিবিদ্যা | ২০ | ২৪ | |
| মোট | ১০০ | ১২০ | |

'গ' ইউনিট

| বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| বাংলা | ২০ | ২৪ | আবশ্যিক |
| ইংরেজি | ২০ | ২৪ | |
| হিসাববিজ্ঞান | ২০ | ২৪ | |
| ব্যবসায় নীতি ও প্রয়োগ | ২০ | ২৪ | |
| ফিন্যান্স ব্যাংকিং ও বীমা | ২০ | ২৪ | যে কোন একটি বিষয়ের উত্তর দিতে হবে |
| উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ২০ | ২৪ | |
| মোট | ১০০ | ১২০ | |

**অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয় :**

ক) আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট (http://admission.eis.bu.ac.bd)-এর মাধ্যমে করতে হবে। এই সাইটে আবেদনকারী বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিটের ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবে। যেকোনো ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ও ওয়েবসাইট নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও প্রতি পেইজের উপরে হলুদ বক্সের নির্দেশাবলী পড়ে নিন।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ০২ অক্টোবর ২০১৬ বিকাল ০৫: ০০টা হতে ৩০ অক্টোবর ২০১৬ রাত ১২: ০০টা পর্যন্ত করা যাবে। তবে ৩১ অক্টোবর ২০১৬ পর্যন্ত ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

গ) যে কোনো ইউনিটে ভর্তির আবেদন করার জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট-এ 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করুন।

ঘ) 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করার পর 'আবেদন/লগইন' এর তথ্যের পেইজে আবেদনকারীর উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রোল নম্বর প্রদান করে "অগ্রসর হোন" বাটনে ক্লিক করুন এবং পরবর্তী পেইজে আবেদনকারীর উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলী এবং আবেদনকারীর আবেদনযোগ্য ইউনিট দেখা গেলে 'নিশ্চিত করছি' বাটন-এ ক্লিক করতে হবে।

ঙ) ছবি এবং অন্যান্য তথ্যাবলী দেয়া হলে পরবর্তী পেইজে সেগুলো নিশ্চিত করতে বলা হবে। নিশ্চিত করার জন্য আবেদনকারীকে যেকোন মোবাইল অপারেটরের নম্বর থেকে একটি এসএমএস ১৬৩২১ নম্বরে পাঠাতে হবে। এসএমএস-টির ফরম্যাট আবেদনকারী সেই পেইজে দেখতে পাবে। এসএমএস-টি পাঠানো হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারী ৭ (সাত) অক্ষরের একটি কনফার্মেইশন কোড পাবে। এই কনফার্মেইশন কোডটি আবেদনকারী পেইজের নির্ধারিত স্থানে দেয়ার পর 'নিশ্চিত করছি' বাটনে ক্লিক করতে হবে।

চ) সঠিক কনফার্মেইশন কোড দেয়া হলে আবেদনের মূলপাতা (সকল ইউনিটের জন্য প্রযোজ্য) দেখা যাবে। এই পেইজের মাধ্যমে আবেদনকারী যে ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখেন সে ইউনিটে আবেদন করে টাকা জমার রসিদ সংগ্রহ করতে পারবে। এই পাতায় উল্লিখিত ইউনিটসমূহের যেকোনটিতে আবেদন করার জন্য ইউনিটের পাশের 'আবেদন' বাটনে ক্লিক করতে হবে। 'আবেদন' বাটনে ক্লিক করার পর উক্ত ইউনিটের 'আবেদন' বাটনটির স্থানে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) এ ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে।

ছ) আবেদনকারী শাখা পরিবর্তন (ইউনিট পরিবর্তন) করতে ইচ্ছুক হলে, এখানেই 'শাখা পরিবর্তন'-এ ক্লিক করে আবেদন করবে। এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত ইউনিটের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ বা আসন বিন্যাস, ফলাফল ইত্যাদি জানতে পারবেন।

জ) উপরিউক্ত পেইজ থেকে যে ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) সংগ্রহ করতে ইচ্ছুক সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্কে ক্লিক করে রসিদটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। শাখা পরিবর্তন (ইউনিট পরিবর্তন) এর ক্ষেত্রে পৃথকভাবে আরো একটি পেমেন্ট স্লিপ (টাকা জমার রসিদ) ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। প্রতিটি পেমেন্ট স্লিপের দুইটি অংশ থাকবে: উপরেরটি আবেদনকারীর অংশ এবং নিচেরটি ব্যাংকের অংশ।

সতর্কীকরণ : টাকা জমার আবেদনকারীর অংশটি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নয়। পরীক্ষার প্রবেশপত্রের বিকল্প হিসেবে টাকা জমার রসিদের অংশটুকু ব্যবহার করা যাবে না।

ঝ) টাকা জমার রসিদের তথ্যসমূহ ও আবেদনকারীর ছবি সঠিক আছে কিনা যাচাই করে নিন। এরপর টাকা জমার রসিদের দুইটি অংশেই নির্ধারিত স্থানে আবেদনকারী স্বাক্ষর করে ৩১ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে রসিদে উল্লিখিত পরিমাণ টাকা (ভর্তি পরীক্ষার ফি, অনলাইন সার্ভিস ফি ও ব্যাংক চার্জ) দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক (জনতা, সোনালী, অগ্রণী ও রূপালী)-এর যে-কোন শাখায় গিয়ে ব্যাংক চলাকালীন সময়ে জমা দিতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমার প্রমাণ স্বরূপ টাকা জমার রসিদের আবেদনকারীর অংশ কেটে আবেদনকারীকে ফেরত দিবে।

ঞ) কোন ইউনিটের জন্য আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেওয়ার তথ্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বরিশাল বিশ্ববিদ্যালয়ের অনলাইন সিস্টেমে পৌছালে তার সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। ব্যাংক-এ টাকা জমা না দেয়া হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ক, খ ও গ ইউনিটে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা ০৬ নভেম্বর ২০১৬ তারিখ সকাল ১০: ০০টা হতে ১৪ নভেম্বর ২০১৬ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে।

➢ ভর্তির অন্যান্য যোগ্যতা, বিশেষ যোগ্যতা, কোটায় ভর্তি সম্পর্কিত তথ্যাদিসহ ভর্তি পরীক্ষা সম্পর্কিত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

➢ সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষা সম্পর্কিত তথ্য জানতে অফিস চলাকালীন সময়ের মধ্যে হেল্পলাইনে যোগাযোগ করা যাবে।
হেল্পলাইনের নম্বরসমূহ-'ক' ইউনিট : 01846054641; 'খ' ইউনিট : 01846054642; 'গ' ইউনিট : 01846054643; সকল ইউনিট : ০২-৯৬৬৯৯৩৪

➢ ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে/উপরে উল্লিখিত হেল্পলাইনে যোগাযোগ করতে হবে।

➢ ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোন ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মো. মনিরুল ইসলাম
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়

পিসি-৪৩৮৫/১৬ (২৫″×৪)